

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
(টিও-০১ অধিশাখা)
(www.mincom.gov.bd)

নং-বাম/টিও-১/কোঃ/২৭/২০১৫/৭৭

তারিখঃ ২০ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ
০৩ মার্চ, ২০১৬ খ্রিষ্টাব্দ

প্রেরক : মোঃ আবদুল মান্নান
পরিচালক, বাণিজ্য সংগঠন ও
যুগ্ম-সচিব
প্রাপক : চেয়ারম্যান
Save Our Sea (প্রস্তাবিত)
৫৩ মর্ডান ম্যানশন (১২তলা)
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

বিষয় : কোম্পানি আইন ১৯৯৪ এর ২৮ ধারার অধীনে “Save Our Sea” এর অনুকূলে লাইসেন্স প্রদান।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে জানাচ্ছি যে, কোম্পানি আইন ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮ নং আইন) এর ২৮ ধারার বিধানমতে সরকার কর্তৃক ‘Save Our Sea’ নামে-০৩-০৩-২০১৬খ্রিঃ তারিখে ১০/২০১৬ নম্বর লাইসেন্স মঞ্জুর করা হ'ল। এক্ষণে এ সংগঠনটিকে কোম্পানি আইন, ১৯৯৪ এর ২৮ ধারার অধীন যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তরে নিবন্ধিকরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

০২। লাইসেন্সে উল্লিখিত শর্তাবলী ছাড়াও নিম্নলিখিত শর্ত সাপেক্ষে এ লাইসেন্স মঞ্জুর করা হলো:

- (ক) সংগঠনটি সংঘস্মারক ও সংঘবিধি সরকারের নির্দেশ মোতাবেক যে কোন সময় সংশোধন করতে বাধ্য থাকবে;
- (খ) সংঘবিধির নির্দিষ্ট স্থানে সংঘস্মারকে উল্লিখিত উদ্যোক্তাগণ যেভাবে সংঘস্মারকে স্বাক্ষর করেছেন সেভাবে স্বাক্ষর করবেন ;
- (গ) সংঘস্মারক ও সংঘবিধির মধ্যে কোন অসংগতি বা ত্রুটি পরিলক্ষিত হলে এটি নিবন্ধক, যৌথ মূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তরের নিকট উপস্থাপনের সময় সংশোধন করতে হবে ;
- (ঘ) লাইসেন্স প্রদানের তারিখ হতে ৬০ (ষাট) দিনের মধ্যে সংগঠনটির উদ্যোক্তাগণকে ১৯৯৪ সালের কোম্পানি আইনের অধীনে সীমাবদ্ধ দায় সম্পন্ন কোম্পানি হিসেবে নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক নিবন্ধিকরণ করতে হবে;
- (ঙ) যে যে ক্ষেত্রে সংগঠনটি কার্যক্রম পরিচালনা করবে সে সব ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে কার্যক্রম পরিচালনা করতে হবে;
- (চ) বৈদেশিক সাহায্য, দান, অনুদান প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান প্রতিপালন করে সংগঠন পরিচালিত হবে;
- (ছ) উপরোক্ত শর্তাবলীর যে কোন একটি পূরণ করা না হলে বিনা নোটিশে লাইসেন্স বাতিলযোগ্য হবে।

০৩। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক নিবন্ধিকৃত হবার পর দু'টি ছাপানো সংঘস্মারক ও সংঘবিধির কপি উক্ত অফিস কর্তৃক সত্যায়িত করে নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা দিতে হবে। অনুমোদিত সংঘস্মারক ও সংঘবিধির একটি কপি এতদসঙ্গে সংযুক্ত করা হ'ল। নিবন্ধিকরণ প্রত্যয়নপত্রের দু'টি ফটোকপি অত্র মন্ত্রণালয়ে দাখিল করার জন্য এতদ্বারা নির্দেশ দেয়া হলো।

০৪। যে সকল শর্ত এবং বিধি বিধান সরকার সময় সময় উপযুক্ত মনে করে আরোপ করবেন বা নির্ধারণ করে দেবেন সেগুলো এ সংগঠনের ক্ষেত্রে অবশ্যই পালনীয় হবে। এ ব্যাপারে সরকার কোন নির্দেশ দান করলে সংগঠনটিকে এর সংঘস্মারক ও সংঘবিধিতে অথবা এর যে কোন একটিতে তা অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে।

০৫। এ বিষয়ে সুস্পষ্টভাবে জ্ঞাত করছি যে, উল্লিখিত এবং সংঘস্মারক ও সংঘবিধিতে বর্ণিত শর্তাবলীর কোনরূপ ব্যত্যয় বা লঙ্ঘন করা হলে এ সংগঠনকে প্রদত্ত লাইসেন্স বা নিবন্ধিকরণের কোন কার্যকারিতা থাকবে না এবং আইনের দৃষ্টিতে এটি অচল বলে গণ্য হবে।

০৬। এ লাইসেন্স গ্রহণের প্রাপ্তিস্বীকার জ্ঞাপনের জন্য অনুরোধ করা হ'ল।

০১/০৩/১৬
মোঃ আবদুল মান্নান
পরিচালক, বাণিজ্য সংগঠন ও
যুগ্ম-সচিব

অনুলিপি অবগতি/কার্যার্থে:-

১। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন, ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

২। জেলা প্রশাসক, ঢাকা।

৩। সহকারী পরিচালক (ডব্লিউটিও সেল), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

